

বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৪৩৪

পর্ব - ২০ঃ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১১. মুসাফির ও পীড়িত ব্যক্তির সালাত - মুসাফির ব্যক্তি নির্ধারিত সময় অবস্থান সম্পর্কে নিশ্চিত না হওয়া পর্যন্ত কসর করতে পারবে

আরবী

وَعَنْهُ قَالَ: خَرَجْنَا مَعَ رَسُولِ اللَّهِ - صَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - مِنَ الْمَدِينَةِ إِلَى مَكَّةَ، فَكَانَ يُصَلِّي رَكْعَتَيْنِ رَكْعَتَيْنِ حَتَّى رَجَعْنَا إِلَى الْمَدِينَةِ. مُتَّفِقُ عَلَيْهِ، وَاللَّفْظُ لِلْبَخَارِيِّ

صحيح. رواه البخاري (1081)، ومسلم (693) من حديث أنس، وعند البخاري. قلت:
أقمتم بمكة شيئاً؟ قال: أقمنا بها عشراً. ولمسلم نحوه

বাংলা

৪৩৪. আনাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমরা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাথে মদীনা হতে মক্কার দিকে বের হয়েছিলাম। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মদীনা ফিরে আসা পর্যন্ত দু'রাক'আত, দু'রাক'আত সালাত আদায় করেছেন। -শব্দ বিন্যাস বুখারীর।[1]

ফুটনোট

[1] বুখারী ১০৮১, ৪২৯৭, মুসলিম ৬৯৩, তিরমিয়ী ৫৪৮, নাসায়ী ১৪৩৮, ১৪৫২, আবু দাউদ ১২৩৩, ইবনু মাজাহ ১০৬৩, ১০৭৭, আহমাদ ১২৫৩৩, ১২৫৬৩, দারেমী ১৫০৯। বুখারীতে রয়েছে, (রাবী বলেন) আমি (আনাস (রাঃ)-কে বললাম, আপনারা (হাজ্জকালীন সময়) মক্কায় কয় দিন অবস্থান করেছিলেন? তিনি বললেন, সেখানে আমরা দশ দিন অবস্থান করেছিলাম।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

ପାବଲିଶାରଃ ତାଓହୀଦ ପାବଲିକେଶନ

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=70245>

₹ ହାଦିସବିଭିନ୍ନ ପ୍ରଜେଷ୍ଠେ ଅନୁଦାନ ଦିନ